গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

সরকারের ৭ বছরে (২০০৯-২০১৫) সংস্কৃতিক্ষেত্রে অগ্রগতি

উন্নয়ন কার্যক্রম :

- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ২০০৯ সাল হতে জুন ২০১৫ পর্যন্ত ৩৮৪.০১ কোটি টাকা ব্যয়ে ৩৬ টি প্রকল্প বাস্তবায়ন করেছে। একইসময় অনুন্নয়ন বাজেটের আওতায় ১১২.৩১ কোটি টাকা ব্যয়ে ৫০ টি কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়িত উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রমসমূহ হলো :

১. ৭.৩৫ কোটি টাকা ব্যয়ে সাংবাদিক কাঙ্গাল হারিনাথ স্মৃতি মিউজিয়াম, কুষ্টিয়া স্থাপন করা হয়েছে।
২. ৯.৩৩ কোটি টাকা ব্যয়ে হাছন রাজা একাডেমি নির্মাণ করা হয়েছে।
৩. ২৩.৭৩ কোটি টাকা ব্যয়ে হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ করা হচ্ছে।
৪. ৭.১৯ কোটি টাকা ব্যয়ে রুমা উপজেলায় বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীল সাংস্কৃতিক ইন্সটিটিউটের আঞ্চলিক কেন্দ্র স্থাপন করা হয়েছে।
৫. ১৯৩.৫৭ কোটি টাকা ব্যয়ে বিভাগীয় ও জেলা শিল্পকলা নির্মাণ করা হচ্ছে।
৬. ৯.৩১ কোটি টাকা ব্যয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের গ্রন্থাগার আধুনিকীকরণ করা হয়েছে।
৭. ১২.৬৩ কোটি টাকা ব্যয়ে পল্লী কবি জসিম উদ্‌দীন সংগ্রহশালা নির্মাণ করা হয়েছে।
৮. ৫২.৭৩ কোটি টাকা ব্যয়ে ঢাকার উত্তরায় বাংলা একাডেমি স্টাফ কোয়ার্টার্স নির্মাণ করা হয়েছে।
৯. ১১০.৭১ কোট টাকা ব্যয়ে সাউথ এশিয়ান ট্যুরিজম ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট প্রজেক্ট বাস্তবায়ন করা হচ্ছে। 'সাউথ এশিয়ান ট্যুরিজম ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট' প্রকল্পের আওতায় নওগাঁর পাহাড়পুরের বৌদ্ধ বিহার এলাকা, বগুড়ার মহাস্থানগড় এলাকা, দিনাজপুরের কান্তজি মন্দির এবং বাগেরহাটের ষাটগম্বুজ মসজিদ ও তৎসংলগ্ন এলাকায় সাংস্কৃতিক ঐতিহ্যের উন্নয়ন ও সংরক্ষণ করা হয়েছে।
১০. ৩৩.৬৩ কোটি টাকা ব্যয়ে দেশের ১৯টি জেলা শিল্পকলা একাডেমি সংস্কার, সম্প্রসারণ ও সুষম করার কাজ সম্পন্ন করা হয়েছে।
১১. ২৯.৩৫ কোটি টাকা ব্যয়ে জাতীয় চিত্রশালা নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। নির্মিত ভবনে দেশীবিদেশী চিত্রকর্ম সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।
১২. ১২২.৮৩ কোটি টাকা ব্যয়ে দেশের ৩৯টি জেলার জেলা গণগ্রন্থাগার নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে।
১৩. ৭.৪৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে কুমিল্লায় নজরুল ইন্সটিটিউট'এর একটি কেন্দ্র স্থাপন করা হয়েছে।
১৪. ২৮.৭২ কোটি টাকা ব্যয়ে আর্কাইভস ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন করা হয়েছে।
১৫. ৪.০০ কোটি টাকা ব্যয়ে অপ্রচলিত মূল্যবান নথিসমূহের সংগ্রহ ও বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষণ কাজ শেষ করা হয়েছে।
১৬. নওগাঁর পতিসরে রবীন্দ্রনাথ ঠাকুরের কাছারিবাড়ি জাদুঘরে রূপান্তরের কাজ শেষ হয়েছে। খুলনার দক্ষিণডিহিতে রবীন্দ্রনাথ ঠাকুরের শ্বশুরবাড়ী এবং সিরাজগঞ্জের শাহজাদপুরে কাছারিবাড়ি সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে। শিলাইদহে কুঠিবাড়ী সংস্কার, পদ্মা-চপলা বোটের অনুকৃতি নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। শিলাইদহে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের একটি অফিস ভবন নির্মাণ করা হয়েছে। রাজশাহী জেলার পুঠিয়াতে মন্যুমেন্ট সংস্কার করা হয়েছে।

১৭. ১১.২৫ কোটি টাকা ব্যয়ে পল্লীকবি জসীম উদদীনের ফরিদপুরস্থ বাসভবনে একটি জাদুঘর, লাইব্রেরী-কাম-গবেষণাকেন্দ্র, উন্মুক্তমঞ্চ নির্মাণ করা হচ্ছে।

১৮. ১০.০৬ কোটি টাকা ব্যয়ে জাতীয় জাদুঘরের অডিও ভিজ্যুয়াল এবং অডিটরিয়াম আধুনিকীকরণ করা হয়েছে।

১৯. ১০.৫৬ কোটি টাকা ব্যয়ে নারায়ণগঞ্জের সোনারগাঁও'এ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের ভৌত অবকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা সম্প্রসারণ কাজ সমাপ্ত করা হয়েছে ।

২০. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর এ্যালবাম প্রকাশ করা হয়। অ্যালবামের ৫,০০০ সংখ্যা মুদ্রিত হয়েছে। শুদ্ধ সুর ও বাণীতে নজরুল সংগীতের ১১টি সিডি প্রকাশ করা হয়েছে।

২১. বাংলাপিডিয়া : ন্যাশনাল এনসাইক্লোপিডিয়া অব বাংলাদেশ প্রকাশ করা হয়েছে।

২২. রাজধানী ঢাকার ৪০০ বছরপূর্তি উপলক্ষে ঢাকাবাসীর ঐতিহ্য সম্পর্কিত ১৮টি ভল্যুম প্রকাশ করা হয়েছে।

২৩. পুরাকীর্তির সংস্কার-সংরক্ষণ এবং সাংস্কৃতিক ঐতিহ্যসমূহের পর্যটন কর্মসূচির আওতায় কুষ্টিয়ার শিলাইদহে অবকাঠামো নির্মাণ ও পাথওয়ে নির্মাণ কাজ, কুঠিবাড়ি সংস্কার, খুলনার দক্ষিণডিহিতে সংস্কার কাজ, পুঠিয়ায় গ্রুপ অব মন্যুমেন্টের সংস্কার কাজ, সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র কাচারী বাড়ী মেরামত, নওগাঁর পতিসরে রবীন্দ্র কাচারীবাড়ী জাদুঘরে রূপান্তর এবং স্যুভেনির কর্নার নির্মাণ, শেরপুর বগুড়ায় খেরুয়া মসজিদ, তাজহাট জমিদার বাড়ি এবং যশোরের এমএম দত্তের বাড়ি, বাগেরহাটে কোদলা মাঠের সংস্কার কাজ সম্পন্ন হয়েছে।

২৪. কুমিল্লা জেলার ময়নামতি শালবন বিহারের অভ্যন্তরে উৎখননে প্রথম ও দ্বিতীয় নির্মাণ যুগের নিদর্শন উন্মোচিত হয়েছে।

২৫. বগুড়া জেলার মহাস্থানগড় তাম্রদুয়ার গেট প্রত্নতাত্ত্বিক উৎখনন করা হয়েছে। ১ হাজার ৫৭১টি ধাতব মুদ্রা, কাঠের বস্তু, টেরাকোটা প্লাক ও বিভিন্ন দ্রব্যের রাসায়নিক পরিচর্যার কাজ সম্পন্ন করা হয়েছে।

২৬. মানিকগঞ্জের বালিয়াটি প্রাসাদ জাদুঘরে রূপান্তর করে দর্শকদের জন্য উন্মুক্ত করা হয়েছে।

২৭. রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যবহৃত পদ্মা বোটের আদলে ০৮টি পদ্মা বোট ও ০১টি চপলা বোটের অনুকৃতি তৈরি করা হয়েছে। তন্মধ্যে ০২টি পদ্মা বোট ও ০১টি চপলা বোটের অনুকৃতি ভারতের বিশ্বভারতী ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

২৮. ৭টি জেলায় বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতির বিকাশ ও সংরক্ষণের উদ্দ্যেশে সাংস্কৃতিক অনুষ্ঠান, মাতৃভাষা ও বর্ণলিপি সংরক্ষণ, পুস্তক প্রকাশনা, এ্যালবাম ও ডকুমেন্টারি তৈরি করা হয়েছে।

২৯. ১৩.৩২ কোটি টাকা ব্যয়ে লালবাগ কেল্লার সংস্কার ও লাইট এন্ড সাউন্ড শোর মাধ্যমে লালবাগ কেল্লার ঐতিহাসিক গুরুত্বপূর্ণ বিষয়গুলো তুলে ধরার কাজ সম্পন্ন হয়েছে।

৩০. খ্যাতনামা সাহিত্যিকবৃন্দের জীবনী বিষয়ে ১০টি গ্রন্থমালা মুদ্রিত হয়েছে। সাহিত্য ঐতিহ্যমূলক দু'টি গ্রন্থ রচিত হয়েছে। প্রমিত বাংলা ব্যাকরণের প্রথম খণ্ড মুদ্রিত হয়েছে।

৩১. বাংলা একাডেমিতে ভাষা আন্দোলন জাদুঘর এবং লেখক জাদুঘর স্থাপিত হয়েছে যা মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন।

অনুষ্ঠান ও উৎসব :

১. বাংলা ১৪১৭ সাল হতে পহেলা বৈশাখ বাংলা নববর্ষ জাতীয়ভাবে উদযাপন করা হচ্ছে। সারাদেশব্যাপী পহেলা বৈশাখ উদ্‌যাপন সংস্কৃতির ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে।

২. প্রতিবছর জাতীয়ভাবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে।

৩. জাতীয় জীবনে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ গত আট বছরে ১১৪ জন বিশিষ্ট ব্যক্তি ও ০১টি প্রতিষ্ঠানকে একুশে পদক প্রদান করা হয়। ২০১০ সালে একুশে পদক প্রাপ্ত বরেণ্য ব্যক্তিদের প্রদত্ত অর্থের পরিমাণ চল্লিশ হাজার টাকা থেকে এক লক্ষ টাকায় উন্নীত করা হয় এবং ২০১৬ সালে অর্থের পরিমাণ দুই লক্ষ টাকায় উন্নীত কর হয়। পদক প্রদানের পাশাপাশি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক

মার্তভাষা দিবস উদযাপন উপলক্ষে বাংলা একাডেমী চত্বরে মাসব্যাপী একুশে গ্রন্থমেলা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৪. বাংলাদেশ-ভারত যৌথভাবে ঢাকায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশত জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতার নব্বই বছর পূর্তি উদযাপন করা হয়েছে।

৫. ঢাকায় 'Cultural Diversity Ministerial Forum of the Asia-Pacific Region' শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে ইউনেস্কোর মহাপরিচালকসহ এ অঞ্চলের ৩৩টি দেশ অংশগ্রহণ করে।

৬. ISESCO কর্তৃক ঢাকাকে Capital of Islamic Culture for Asian Region 2012 ঘোষণার প্রেক্ষিতে ১৪ জুলাই ২০১২ মাননীয় প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে বর্ষব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করেন।

৭. বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজিত মাসব্যাপী ১৫তম দ্বিবার্ষিক এশিয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০১২ অনুষ্ঠিত হয়েছে।

৮. সার্ক কালচারাল সেন্টার, কলম্বো, শ্রীলংকা'র অর্থায়নে এবং বাংলাদেশের ব্যবস্থাপনায় ২২-২৫ অক্টোবর ২০১১ ঢাকায় Symposium on Folkdance in the SAARC Region আয়োজন করা হয়। ২০১২ সালের ডিসেম্বর মাসে ১৫তম দ্বিবার্ষিক এশিয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ-২০১২ শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হচ্ছে। প্রদর্শনীতে ৩৩ টি দেশ অংশগ্রহণ করেছে।

৯. ২০১২ সালের ডিসেম্বর মাসে ১৫তম দ্বিবার্ষিক এশিয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ-২০১২ শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়েছে। প্রদর্শনীতে ৩৩ টি দেশ অংশগ্রহণ করেছে।

১০. সার্ক কালচারাল সেন্টার, কলম্বো, শ্রীলংকা'র অর্থায়নে এবং বাংলাদেশের ব্যবস্থাপনায় ২২-২৭ সেপ্টেম্বর ২০১৩ ঢাকায় SAARC Handicrafts Exhibition আয়োজন করা হয়।

১১. জাপানে অনুষ্ঠিত মাসাধিকালব্যাপী Setouchi Triennial 2013 Festival-এ বাংলাদেশের অংশগ্রহণ।

১২. ২২-২৭ সেপ্টেম্বর ২০১৩ সার্কভুক্ত দেশসমূহের অংশগ্রহণে ঢাকায় সার্ক হস্তশিল্প প্রদর্শনী আয়োজন করা হয়।

১৩. ৯-১২ এপ্রিল ২০১৪ সার্কভুক্ত দেশসমূহের অংশগ্রহণে বান্দরবানে সার্ক আর্টিস্ট ক্যাম্প আয়োজন করা হয়।

১৪. প্রতিবছরে মাসব্যাপী লোক কারুশিল্প মেলা ও লোকজ উৎসব এর আয়োজন, বৈশাখী মেলা, পৌষ মেলা আয়োজন করা হয়।

১৫. ৬৪টি জেলায় ও ৫০২টি উপজেলায় শিক্ষা র‍্যালী, শিক্ষামেলা, 'মিনা' কার্টুন প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ৪৯০৪টি প্রাথমিক বিদ্যালয়ে হারমোনিয়াম ও ডুগি-তবলা সরবরাহ করা হয়েছে।

১৬. ৪৮৩টি উপজেলা থেকে শিশু নাটকের দল নির্বাচন করে ৬৪টি জেলায় ৭-১০টি দলের অংশগ্রহণে নাটক উৎসব হয়েছে। পরবর্তী ধাপে বিভাগীয় পর্যায়ে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অধিকারী ২১টি দল অংশগ্রহণ করবে এবং জাতীয় পর্যায়ে ০৩টি দল অংশগ্রহণ করে।

১৭. ৭৫ জন বিশিষ্ট ব্যক্তির জন্ম ও মৃত্যুবার্ষিকী উদ্‌যাপনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুদান প্রদান করা হয়েছে। তন্মেধ্যে মরমী কবি লালন শাহ, মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এবং বিশিষ্ট চিত্রশিল্পী এস.এম সুলতান অন্যতম।

বিবিধ কার্যক্রম :

১. বাংলাদেশের সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরার লক্ষে বাংলাদেশ সাংস্কৃতিক দল রাশিয়া, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য, ভারত, স্পেন, ইন্দোনেশিয়া, শ্রীলংকা, সংযুক্ত আরব আমিরাত, ইরান, ফ্রান্স, জাপান, বেলজিয়াম, থাইল্যান্ড, নেপাল, মিশর, চীন, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, কুয়েত, কম্বোডিয়া, ভূটান, নেডারল্যান্ডস, আজারবাইজান, আফগানিস্তান, ব্রাজিল, জার্মানি, মিশর ও আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করে। এ সময় ভারত, শ্রীলংকা, চীন, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, জাপান, রাশিয়ার সাংস্কৃতিক দলও বাংলাদেশ সফর করেছে।

২. বর্তমানে বাংলাদেশের সাথে ৪০টি দেশের সাংস্কৃতিক চুক্তি রয়েছে। বর্তমার সরকারের সময়ে ভারত, জার্মানি, কুয়েত, ভুটান, শ্রীলংকা, তুরস্ক, চীন, উত্তর কোরিয়া, কম্বোডিয়া, ইরান ও মালয়েশিয়ার সাথে বাংলাদেশের সাংস্কৃতিক চুক্তি/সাংস্কৃতিক বিনিময় চুক্তি স্বাক্ষরিত হয়।

৩. দেশের সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের উন্নয়নে সহযোগিতার জন্য গত ২০০৯-১০ অর্থবছরে ৩৩ লক্ষ টাকা ২১৯ টি প্রতিষ্ঠানে, ২০১০-১১ অর্থবছরে ১ কোটি টাকা ৫৪৯ টি প্রতিষ্ঠানে, ২০১১-১২ অর্থবছরে ২.৫০ কোটি টাকা ৬৯৬ টি প্রতিষ্ঠানে, ২০১২-১৩ অর্থবছরে ২.৫০ কোটি টাকা ৯২৩ টি প্রতিষ্ঠানে, ২০১৩-১৪ অর্থবছরে ৩.৫০ কোটি টাকা ১০০৪ টি প্রতিষ্ঠানে এবং ২০১৪-১৫ অর্থবছরে ৪.৮৬১৫ কোটি টাকা ১১৭৪টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন হারে অনুদান প্রদান করা হয়েছে।

৪. সারা দেশে ২০০৯-১০ অর্থবছরে ৮০.০০ লক্ষ টাকা ৬৫৮ জন, ২০১০-১১ অর্থবছরে ০১.৫০ কোটি টাকা ১৪৬২ জন, ২০১১-১২ অর্থবছরে ০২.০০ কেটি টাকা ২০০৭ জন, ২০১২-১৩ অর্থবছরে ২.৫০ কেটি টাকা ২২০০ জন, ২০১৩-১৪ অর্থবছরে ৩.৫০ কোটি টাকা ২৪৫০ জন এবং ২০১৪-১৫ অর্থবছরে ৪.০৫৫৮ কোটি টাকা ২৬৯৯ জন আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীর অনুকূলে বিভিন্ন হারে ভাতা হিসেবে প্রদান করা হয়েছে।

৫. সারা দেশে ২০০৯-১০ অর্থবছরে ১.২৫ কোটি টাকা ৪৯৩ টি, ২০১০-১১ অর্থবছরে ১.৭০ কোটি টাকা ৫৬০ টি, ২০১১-২০১২ অর্থবছরে ২.০০ কোটি টাকা ৮২৩ টি, ২০১২-২০১৩ অর্থবছরে ২.২৫ কোটি টাকা ৬৪১টি, ২০১৩-১৪ অর্থবছরে ২.২৫ কোটি টাকা ৭২০টি এবং ২০১৪-১৫ অর্থবছরে ২.২৭ কোটি টাকা ৬৭৬টি বেসরকারি পাঠাগারকে বিভিন্ন হারে অনুদান প্রদান করা হয়েছে।